



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ২৯, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড

প্রজ্ঞাপন

ঢাকা, ১৪ই জ্যৈষ্ঠ, ১৩৯৭/২৮শে মে, ১৯৯০

নং এস, আর, ও ১৯৬-আইন/৯০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

- ১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা “সুলক রেয়াত ও প্রত্যর্পন পরিদপ্তর (সুলক ও আবগারী) এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯০” নামে অভিহিত হইবে।
- ২। সংজ্ঞাসমূহ—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধি মালার,—
 - (ক) “কমিশন” বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে;
 - (খ) “তফসিল” বলিতে বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে;
 - (গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” বলিতে সরকার বুঝাইবে এবং কোন নির্দিষ্টকৃত পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবেন;
 - (ঘ) “নির্দিষ্টকৃত পদ” বলিতে তফসিলে উল্লেখিত পদ বুঝাইবে;
 - (ঙ) “প্রয়োজনীয় যোগ্যতা” বলিতে তফসিলে নির্দিষ্টকৃত পদের যোগ্যতা বুঝাইবে;

(৪৫৬৩)

মুদ্রা: ৯০ পরমা

- (চ) “শিক্ষানবিশ” বলিতে নিদিষ্টকৃত পদে, শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে; এবং
- (ছ) “স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড” বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ডকে বুঝাইবে এবং এই বিধি-উদ্দেশ্যে পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি—(১) তফসিলে বর্ণিত বিধানাবলী সাপেক্ষে কোন নিদিষ্টকৃত পদে নিম্নবিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা:—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;
- (খ) পদোন্নতির মাধ্যমে; এবং
- (গ) প্রেষণে বদলী মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নিদিষ্টকৃত পদে নিয়োগ করা হইবে না, যদি উক্তন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগ ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়।

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন নিদিষ্টকৃত পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য উক্ত বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন নিদিষ্টকৃত পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) কমিশনের আওতা বহির্ভূত পদসমূহের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন নিদিষ্টকৃত পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) কোন নিদিষ্টকৃত পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডোমিনাইল না হন। তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না।
- (খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন নিদিষ্টকৃত পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্রে বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা নিদিষ্টকৃত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ বখায়োগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা যায় যে, প্রকৃতদেহের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন নিদিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে নির্ধারিত ফিস (যদি থাকে) সহকারে এবং উহাতে নির্ধারিত ফরমে নির্ধারিত তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ—(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিদিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে:

(১) তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণীর পদে এবং ২য় শ্রেণীর পদ হইতে ১ম শ্রেণীর পদে পদোন্নতির ক্ষেত্রে কমিশনের সুপারিশ গ্রহণ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নিদিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি করে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বধিত মেয়াদ সর্বশাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কাজ কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাগহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি(৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসিকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

তকসল

[বিধি ২(গ) সঠিকা]

ক্রমিক নং।	নির্দিষ্ট পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স-সীমা।	নিয়োগের পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
১	পরিচালক		বি, সি এম (কাঠমস এণ্ড এন্ডাইজ) ক্যাডা- রের সম পদমবান ও সম-বেতন স্কেলভুক্ত কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলী/ নিয়োগের মাধ্যমে।	
২	উপ-পরিচালক		বি, সি, এম (কাঠমস এণ্ড এন্ডাইজ) ক্যাডা- রের ডেপুটি কালিষ্টরের সম পদমবান ও সম বেতন স্কেলভুক্ত কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলী/নিয়োগের মাধ্যমে।	
৩	সেক্স স্পেশালিষ্ট (টেক্সটাইল)(ইলেকটি- ক্যাল এণ্ড ইলেকট্রনিক্স) (কেমিক্যাল)।	অনুর্ধ্ব ২৭ বৎসর। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে অনুর্ধ্ব ৩ বৎসর শিথিলযোগ্য।	সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা সমবেতন স্কেল এবং প্রথম শ্রেণীর গেজেটেড পদ- মবানভুক্ত সংশ্লিষ্ট ক্ষেত্রের সরকারী কর্ম- কর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলী/নিয়োগের	সরাসরি নিয়োগের জন্য : যথাক্রমে সরকার কর্তৃক অনুমোদিত কোন ইনস্টিটিউট/মহাবিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এ মাত্রক ডিগ্রী এবং কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকটি ক্যাল এণ্ড ইলেকট্রনিক্স/ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এ মাত্রক ডিগ্রী।

- ৪ কষ্ট একাউন্টেন্ট অনূর্ধ্ব ২৭ বৎসর। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩ বৎসর শিথিলযোগ্য।
- ৫ একাউন্টেন্ট/প্রশাসনিক অনূর্ধ্ব ২৭ বৎসর। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩ বৎসর শিথিলযোগ্য।
- ৬ প্রিন্সিপাল এপ্রেইজার ...
- ৭ সুপারিনটেনডেন্ট ...
- ৮ এপ্রেইজার ...
- সরাসরি নিয়োগের জন্য :
কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে মান্যপক্ষে ২য় শ্রেণীর স্নাতক উত্তর ডিগ্রী অথবা এম, বি, এ। বাংলাদেশ ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং একাউন্টেন্ট এর এক, সি, এ/এ, সি, এ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
- সরাসরি নিয়োগের জন্য :
কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে ন্যূনপক্ষে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। এ বৎসরের অভিজ্ঞতা-সম্পন্ন।
- সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা সমবেতন স্কেন এবং প্রথম শ্রেণীর গেজেটেড পদ-মর্যাদাভুক্ত সংশ্লিষ্ট ক্ষেত্রের সরকারী কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলী/নিয়োগের মাধ্যমে।
- সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা সমবেতন স্কেন এবং প্রথম শ্রেণীর গেজেটেড পদ-মর্যাদাভুক্ত সংশ্লিষ্ট ক্ষেত্রের সরকারী কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলী/নিয়োগের মাধ্যমে।
- শুচক ও আবগারী বিভাগের একই নামের পদের কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলী/নিয়োগের মাধ্যমে।
- শুচক ও আবগারী বিভাগের একই নামের পদের কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলী/নিয়োগের মাধ্যমে।
- শুচক ও আবগারী বিভাগের একই নামের পদের কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলী/নিয়োগের মাধ্যমে।

- ৯ উচ্চমান সহকারী অনূর্ধ্ব ২৭ বৎসর
 পদোন্নতির জন্য :
 (ক) ৬৬.৭% নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিকদের বধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।
 (খ) ৩৩.৩% সরাসরি নিয়োগের মাধ্যমে।
- ১০ নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক।
 ১৮-২৭ বৎসর। কনরত বিভাগীয় এম,এল,এস,এস প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উর্দ্ধসীমা ৪০ বৎসর বয়স পর্যন্ত শিথিলযোগ্য।
 পদোন্নতির জন্য :
 (ক) ২০% এম, এল, এস, এসদের বধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।
 (খ) ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে।
- ১১ স্টেনোগ্রাফার
 ১৮-২৭ বৎসর।
 পদোন্নতির জন্য :
 (ক) ফিভার পদে ন্যূনপক্ষে ৫ বৎসর চাকরী।
 সরাসরি নিয়োগের জন্য :
 (খ) কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনপক্ষে দ্বিতীয় ডিগ্রী।
 (ক) পদোন্নতির জন্য :
 ফিভার পদে ন্যূনপক্ষে ৩ বৎসরের চাকরী এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। ইংরেজী এবং বাংলার প্রতি মিনিটে যথাক্রমে ৩০ এবং ২০ শব্দ টাইপ করার গতিসম্পন্ন।
 (খ) সরাসরি নিয়োগের জন্য :
 ন্যূনপক্ষে উচ্চতর মাধ্যমিক সার্টিফিকেট অথবা ইহার সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ইংরেজী ও বাংলায় প্রতিমিনিটে যথাক্রমে ৩০ এবং ২০ শব্দ টাইপ করার গতিসম্পন্ন।
- ১২ স্টেনোগ্রাফিক
 The Stenographers and Stenotypists (Ministries, Divisions and attached Departments) Recruitments Rules, 1978 (as amended) অনুসারে সরাসরি নিয়োগের মাধ্যমে।

৩

৩

১৩	ক্যান্সার	১৮—২৭ বৎসর।	নির্নামান সহকারী-তথা-মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে পদোন্নতি সাধ্যে। যদি পদোন্নতি পাওয়ার যোগ্য ব্যক্তি না পাওয়া যায় তবে সরাসরি নিয়োগের সাধ্যে।	(ক) পদোন্নতির জন্য: যিভার পদে ন্যূনপক্ষে ৩ বৎসরের চাকুরী এবং সরকারী নিয়ম অনুসারে জ্ঞানভিত্তিক জমা সাপেক্ষে।
১৪	ড্রাইভার	ঐ	সরাসরি নিয়োগের সাধ্যে।	(খ) সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনপক্ষে বাণিজ্য বিষয়ে স্নাতক ডিগ্রী এবং সরকারী নিয়ম অনুসারে জ্ঞানভিত্তিক জমা সাপেক্ষে।
১৫	ডুপ্লিক্টিং মেশিন অপারেটর।	ঐ	এম, এন, এস, এমসের মধ্য হইতে পদোন্নতির সাধ্যে। পদোন্নতি পাওয়ার যোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের সাধ্যে।	ন্যূনপক্ষে অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাগত যোগ্যতাসহ বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী এবং ড্রাইভিং এ ন্যূনপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।
				(ক) পদোন্নতির জন্য: ন্যূনপক্ষে সংশ্লিষ্ট ক্ষেত্রে কিডার পদধারীর ৫ বৎসরের অভিজ্ঞতা।
				(খ) সরাসরি নিয়োগের জন্য: সাধাৰিক স্থল মার্চিক্টিং পরীক্ষার উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ন্যূনপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা।

১৬ ডেসপাস রাইডার

ঐ

এম, এল, এস, এসদের মধ্য হইতে পদোন্নতি-
তির মাধ্যমে। পদোন্নতি পাওয়ার যোগ্য
ব্যক্তি না থাকিলে সরাসরি নিয়োগের
মাধ্যমে।

(ক) পদোন্নতির জন্য:

ফিডার পদে ন্যূনপক্ষে ৩ বৎসরের
চাকুরীসহ শারিরিক যোগ্যতা সম্পন্ন
এবং মটর সাইকেল ড্রাইভিং এর বৈধ
নাইসেন্সধারী হইতে হইবে।

(খ) সরাসরি নিয়োগের জন্য:

ন্যূনপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট
পুরাক্রম উত্তীর্ণ। শারিরিক যোগ্যতা
সম্পন্ন এবং মটর সাইকেল ড্রাইভিং এ
অভিজ্ঞতাসহ বৈধ নাইসেন্সধারী
হইতে হইবে।

১৭ সিপাই

ঐ

(ক) ৫০% এম, এল, এস, এসদের মধ্য
হইতে পদোন্নতির মাধ্যমে।

(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।
পদোন্নতির কোটার পদ পূরণের জন্য
যোগ্য ফিডার পদধারী না থাকিলে
সরাসরি নিয়োগ দ্বারা পদোন্নতির
কোটার পদও পূরণ করা হইবে।

(ক) পদোন্নতির জন্য:

ফিডার পদে ন্যূনপক্ষে ৩ বৎসরের
চাকুরীসহ নিম্নরূপ শারিরিক যোগ্যতা
সম্পন্ন হইতে হইবে:

উচ্চতা: ৫'-৪" পুরুষের ক্ষেত্রে
৫'-২" মহিলাদের ক্ষেত্রে
বুকের মাপ: ৩০" — ৩২" উভয় ক্ষেত্রে।

৫

৪

৩

২

১

(খ) সরাসরি নিয়োগের জন্য :

ন্যূনপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট
পরীক্ষায় উত্তীর্ণ এবং নিম্নরূপ শারীরিক
যোগ্যতা সম্পন্ন হইতে হইবে :

উচ্চতা : ৫'-৪" (পুরুষদের ক্ষেত্রে)

৫'-২" (মহিলাদের ক্ষেত্রে)

বুকের মাপ : ৩০"—৩২" উভয় ক্ষেত্রে।

১৮ এম,এল,এস,এস ১৮—২৭ বৎসর সরাসরি নিয়োগের মাধ্যমে।

অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাপ্রাপ্ত। সু-স্বাস্থ্যের
অধিকারী হইতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ একরাম হোসেন

সচিব।

স্বাঃ সৈয়দুল হকমান, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মর্দিত।
খোশকার মাহুদুল করিম, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ সরকার ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা
কর্তৃক প্রকাশিত।